গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক এর কার্যালয়
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
ওয়েব সাইট: www.dmch.gov.bd

স্মারক নং- ঢামেকহা/ প্রশা/নিয়োগ/১১-২০গ্রেড/২০২৫/ ৭৭১৫

তারিখ: ১৪ মে, ২০২৫ খ্রি:

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা নিম্নবর্ণিত রাজস্ব খাতের শুন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে কেবলমাত্র অনলাইনে (http://dmch.teletalk.com.bd ওয়েব সাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য | জেলা |
|---|---|---|---|---|---|
| ০১ | ফিজিওথেরাপিস্ট<br>গ্রেড-১২<br>বেতন স্কেল: ১১৩০০-২৭৩০০ | ১৮-৩২ বছর | ৩ | (ক) কোনো স্বীকৃত ইন্সটিটিউট হতে ফিজিওথেরাপী বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী অথবা কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো প্রতিষ্ঠিত হাসপাতালে ফিজিওথেরাপিস্ট হিসাবে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
| ০২ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০ | ১৮-৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test -এ উত্তীর্ণ হতে হবে। | |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর<br>(বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | ১৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি। | |
| ০৪ | ওয়ার্ড মাস্টার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর | ৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ০৫ | ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ০৬ | টেলিফোন অপারেটর<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ০৭ | পরিসংখ্যানবিদ<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল: ১০২০০-২৪৬৮০ | ১৮-৩২ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ০৮ | গাড়ি চালক<br>গ্রেড-১৫<br>বেতন স্কেল: ৯৭০০-২৩৪৯০ | ১৮-৩২ বছর | ৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী গাড়ী চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ০৯ | স্টোর কিপার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ১০ | লিনেন কিপার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর | ৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ১১ | ইন্সট্রুমেন্ট কেয়ার টেকার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর | ১ | কোনো স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১২ | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০ | ১৮-৩২ বছর | ৬ | কোনো স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৩ | কার্পেন্টার<br>গ্রেড-১৮<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০ | ১৮-৩২ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৪ | টেইলর<br>গ্রেড-১৮<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০ | ১৮-৩২ বছর | ৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৫ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতন স্কেল: ৮২০০-২০০১০ | ১৮-৩২ বছর | ৫ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

আবেদন করার নিয়মাবলি:

০১। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

খ. ০১/০৫/২০২৫ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিড গ্রহণযোগ্য নয়। তবে শুধুমাত্র ক্রমিক ০৩(তিন) এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। ।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরনের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

ঘ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঙ. আবেদনপত্র , লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর অভিন্ন স্বাক্ষর হতে হবে।

০২। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পুরণকৃত Applicant's Coppy সহ সকল কাগজপত্রের ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগিরিকত্ব, চারিত্রিক, প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদ এবং জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ।

খ. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

গ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঘ. শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঙ. Download কৃত Admit Card এর কপি।

চ. নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শুন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে।

০৩। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৪। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি (ক) http://dmch.teletalk.com.bd (খ) www.dmch.gov.bd (গ) www.dghs.gov.bd তে পাওয়া যাবে।

০৫। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন/ সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

০৬। সকল পদের জন্য লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

০৭। ক্রটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

০৮। লিখিত , মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে গণ্য হবে।

অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://dmch.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৫/০৫/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৯/০৫/২০২৫ খ্রিষ্টাব্দ বিকাল-০৫:০০ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য৩০০×প্রস্থ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১৮/- টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা ও ২ থেকে ১২ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক ১৩ থেকে ১৫ ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে সকল পদে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলী:

প্রথম SMS: **DMCH**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **DMCH ABCDEF**& send to 16222
Reply: Applicant's Name, TK. 168/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **DMCH**<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **DMCH**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে16222 নম্বরে।
Example: **DMCH Yes 12345678**& send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for **DMCH** Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dmch.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে **DMCH**<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: **DMCH** Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে **DMCH**<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: **DMCH** Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়েবসাইট www.dmch.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dmch.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর Subject-এ Organization Name: **DMCH**, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
* নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারক চক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৪/৫/২৫

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আসাদুজ্জামান
পরিচালক
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
ও
সভাপতি
নিয়োগ/ পদোন্নতি প্রদান বিষয়ক বিভাগীয় নির্বাচন কমিটি।